রুয়েট বুলেটিন

RUET

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

৩য় বর্ষ :: ১০ম সংখ্যা :: এপ্রিল-জুন ২০১৭

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে সেমিনার ও জব ফেয়ার অনুষ্ঠিত

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে গত ১২-১৩ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে দু'দিনব্যাপী 'Glass & Ceramics: Current Opportunities and Future Potentials in Bangladesh' শীর্ষক সেমিনার ও জব ফেয়ার।

১২ এপ্রিল বুধবার সকালে সেমিনার ও জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সদর আসনের সাংসদ জনাব ফজলে হোসেন বাদশা। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্বের উন্নত দেশগুলোতে গ্লাস এন্ড সিরামিক বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে অধ্যয়ন, চর্চা ও গবেষণা করা হয়। রুয়েটের গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ উন্নত দেশের সাথে তাল মিলিয়ে এই বিষয়ে দক্ষ জনশক্তি তৈরী করতে সক্ষম হবে এটাই আমাদের প্রত্যাশা।

গ্লাস এন্ড সিরামিক বিভাগ আয়োজিত সেমিনার ও জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন রাজশাহী সদর আসনের সাংসদ জনাব ফজলে হোসেন বাদশা।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুয়েটের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেটাল এন্ড মেটালারজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস ডাব্লিউ কারণী। সভাপতিত্ব করেন গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় সেমিনারের টেকনিক্যাল সেশন। বিভিন্ন সেশন পরিচালনা করেন বিআইএসএ-এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ মমতাজ উদ্দিন, বিসিআইসি-এর পরিচালক মোঃ লুৎফর রহমান, উসমানীয়া গ্লাস শিট ফ্যাক্টরি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জাহিদুল বারী, নাসির গ্লাস ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পরিচালক আব্দুস সালাম, ওয়াল্টন গ্রুপের সহকারী প্রকৌশলী মোঃ হাবিবুর রহমান এবং শ্যামল বারুরি।

১৩ এপ্রিল সেমিনার ও জব ফেয়ারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের ক্রমঃবর্ধমান অগ্রগতির পথে গ্লাস এন্ড সিরামিকের ব্যবহার ও প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সেদিক বিবেচনা করে গ্লাস এন্ড সিরামিক বিষয়ে দেশকে আরও সমৃদ্ধ করতে এখানকার প্রকৌশলীদের ভবিষ্যতে তাদের মেধা ও দক্ষতাকে যথাযথ উপায়ে কাজে লাগাতে হবে।

গ্লাস এন্ড সিরামিক বিভাগ আয়োজিত সেমিনার ও জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির হাতে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মেটাল এন্ড মেটালারজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস ডাব্লিউ কারণী। সভাপতিত্ব করেন গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান।

দু'দিনব্যাপী এই সেমিনার ও জব ফেয়ারে গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী ছাড়াও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা স্বত:স্ফুর্তভাবে অংশগ্রহণ করে। এই বিভাগে ভবিষ্যতেও অনুরূপ সেমিনার ও জব ফেয়ার আয়োজন করা হবে বলে শিক্ষার্থীদের প্রত্যাশা।

ইলেক্ট্রনিক্স সোসাইটি অব রুয়েট-এর যাত্রা শুরু

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইলেক্ট্রনিক্স সোসাইটি অব রুয়েট (ইএসআর) যাত্রা শুরু হয়েছে। ৪ মে বৃহস্পতিবার 'ইলেক্ট্রনিক্সের বিভিন্ন বিষয়াদি ও ভবিষ্যৎ সম্ভাবনা' শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালার আয়োজনের মধ্য দিয়ে এ সংগঠনটির যাত্রা শুরু হয়। সকাল নয়টায় ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার রুমে আয়োজিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, 'ইলেক্ট্রনিক্স সোসাইটি অব রুয়েট গঠনের পদক্ষেপ অত্যন্ত প্রশংসনীয়। এর মাধ্যমে রুয়েটে ইলেকট্রনিক্স বিষয়ক পঠন, পাঠন ও অনুশীলন আরও এগিয়ে যাবে।'

তিনি আশা প্রকাশ করে বলেন, এই সোসাইটি গঠনের মাধ্যমে এমন অনেক উদ্যোক্তা বেরিয়ে আসবে যারা কিনা চাকুরীর জন্য হন্যে হয়ে না ঘুরে আর দশজনকে চাকুরী দেবার সামর্থ্য অর্জন করবে।

ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক শ্যাম দত্তের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোশাররাফ হোসেন, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা ও ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম।

কেক কেটে ইলেকট্রনিক্স সোসাইটি অব রুয়েট-এর শুভ সূচনা করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. কামাল হোসাইন, সহকারী অধ্যাপক রবিউল হাসান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক সুব্রত কুমার ঘোষ, ইলিয়াস রহমান, তারেক হোসাইন এবং মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক ফিরোজ আলী, ছাত্রলীগের রুয়েট শাখার সিনিয়র সহ-সভাপতি সুব্রত কুমার ঘোষ (জনী), সাংগঠনিক সম্পাদক ইমরান হোসাইন (জনী) এবং সাংগঠনিক সম্পাদক রিফাত আল-আমিন সৈকত প্রমুখ।

অনুষ্ঠানে ইটিই বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন এবং ইলেক্ট্রনিক্স সোসাইটি অব রুয়েট-কে একটি কার্যকর সংগঠন হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

রুয়েটের প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম চীনে আমন্ত্রিত বক্তা হিসাবে বক্তব্য রাখলেন

গত ২৮ জুন চীনের University of Electronic Science and Technology of China (UESTC) এর Energy Science & Technolog বিভাগ আয়োজন করেছিল "এনার্জি ফোরাম"। এই ফোরামে নবায়নযোগ্য জ্বালানির উপর আমন্ত্রিত বক্তা হিসেবে একাডেমিক বক্তব্য রাখেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম। এই এনার্জি ফোরামে UESTC-এর বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন। চীনের UESTC বছরের বিভিন্ন সময়ে 'এনার্জি ফোরাম' এর আওতায় নবায়নযোগ্য জ্বালানীর উপর বক্তব্য দেওয়ার জন্য বিভিন্ন দেশ থেকে এ বিষয়ে বিশেষজ্ঞ, একাডেমিশিয়ান ও গবেষকদের আমন্ত্রণ করে থাকেন। অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম ছিলেন UESTC-এর ধারাবাহিক 'এনার্জি ফোরাম'এর ১১৮ তম বক্তা।

চীনের UESTC বিশ্ববিদ্যালয় আয়োজিত 'এনার্জি ফোরাম' এ একাডেমিক বক্তব্য রাখেছেন প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম।

'এনার্জি ফোরাম'এর আওতায় UESTC আমন্ত্রিত বক্তাদের এনার্জি সম্পর্কিত বিভিন্ন ল্যাব ও কলকারখানা পরিদর্শন এবং কি করে দুই প্রতিষ্ঠানের মধ্যে (UESTC ও আমন্ত্রিত বক্তার বিশ্ববিদ্যালয়) শিক্ষা ও গবেষণা বিনিময় সম্পর্ক স্থাপন করা যায় তার উপর বিস্তর আলোচনা করা হয়। উক্ত আলোচনায় UESTC- এর উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময়ে রুয়েটের মেধাবী গ্রাজুয়েটেরা যাতে স্কলারশীপ নিয়ে UESTC তে উচ্চতর ডিগ্রি অর্জন করতে যান সে ব্যাপারে তাঁরা প্রফেসর ড. মোঃ রবিউল ইসলামকে অনুরোধ করেন। আলোচনা সভায় UESTC কর্তৃপক্ষ প্রফেসর ড. মোঃ রবিউল ইসলামকে একটি সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

রুয়েটে স্থাপিত হলো গ্রিড সংযুক্ত সোলার সিস্টেম

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগীয় ভবনের ছাদে স্থাপিত হলো গ্রিড সংযুক্ত ৫.৫ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সোলার সিস্টেম।

রুয়েটে সদ্য স্থাপিত সোলার সিস্টেম পরিদর্শন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

উচ্চতর গবেষণা ও ব্যবহারিক ক্লাসের পাশাপাশি সোলার সিস্টেমটি সরাসরি জাতীয় গ্রিডে পাওয়ার প্রদান করছে। লোকাল গ্রিডে পাওয়ার না থাকলে এটি দিনের বেলায় ব্যাটারী চার্জ করে যা শিক্ষকদের অফিসে লোডশেডিং চলা অবস্থায় বিদ্যুৎ সরবরাহ করে থাকে। এই সোলার সিস্টেমটি রুয়েট এবং জাতীয় বিদ্যুৎ চাহিদা পূরণে কিছুটা হলেও অবদান রাখছে।

সোলার সিস্টেম থেকে অধিকতর পাওয়ার সংগ্রহ করে বা অব্যবহৃত বিদ্যুৎকে ব্যবহার করে কিভাবে স্থাপনা খরচ বা Pay Back Period কমানো যায় তা এই গবেষণাভিত্তিক স্থাপনার মূল উদ্দেশ্য। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রবিউল ইসলাম সোলার সিস্টেমের উপর বিভিন্ন গবেষণা করে যাচ্ছেন। তারই অংশবিশেষ হিসাবে "A Cost Effective Solar Nano Grid Powered by Unused Solar Energy from the Solar Irrigation Project" শিরোনামে প্রকল্পের এই সোলার সিস্টেমটি স্থাপন করা হয়েছে। তিনি Solar Irrrigation এবং Solar Changing Station for Electric Vehicles (যেমন Easy bike, Electric Rickshaw, Electric Car) এর উপরও গবেষণা কাজ করছেন।

ড. মোঃ রবিউল ইসলাম বলেন, সরকারীভাবে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাওয়া গেলে ভবিষ্যতে রুয়েটে বৃহৎ আকারে সোলার সিস্টেম স্থাপন করতে চান তিনি। এমনটা সম্ভব হলে রুয়েটে যে পরিমান বিদ্যুতের চাহিদা রয়েছে তা এখান থেকেই পূরণ করা সম্ভব হবে। এছাড়াও অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা সম্ভব হবে বলেও তিনি জানান।

রুয়েট ক্রীড়াঙ্গনের খবর:

রুয়েটে আন্ত:সিরিজ ফুটবল টুর্নামেন্ট সমাপ্ত

উৎসাহ, উদ্দীপনা ও আড়ম্বরপূর্ণভাবে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শেষ হয়েছে আন্ত:সিরিজ ফুটবল টুর্নামেন্ট।

রুয়েট ফুটবল কাব (আরএফসি) আয়োজিত এই টুর্নামেন্টে ১২ টি বিভাগের ২০১৫ ও ২০১৬ সিরিজের ২৪ টি দল অংশগ্রহণ করে। ২৯ এপ্রিল শনিবার বিকেলে আড়ম্বরপূর্ণভাবে অনুষ্ঠিত হয় উভয় সিরিজের দু'টি শিরোপা নির্ধারণী খেলা।

২০১৫ সিরিজের ফাইনাল খেলায় গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ টাইব্রেকারে ৩-২ গোলে ইলেকট্রনিক এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।

আন্তঃসিরিজ ফুটবল টুর্নামেন্টে ২০১৫ সিরিজের চ্যাম্পিয়ন দল গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ।

অন্যদিকে ২০১৬ সিরিজের ফাইনাল খেলায় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ২-০ গোলে ইন্ডাস্ট্রিয়াল প্রডাক্টশন ইঞ্জিনিয়ারিং বিভাগকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

রুয়েট শারীরিক শিক্ষা কেন্দ্রের তত্ত্বাবধানে আয়োজিত এই টুর্নামেন্টে সর্বোচ্চ গোলদাতা ও শ্রেষ্ঠ খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করেছে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সুজন।

এই ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাঃ রফিকুল আলম বেগ আয়োজকদের ধন্যবাদ জানিয়েছেন। একই সাথে তিনি বিজয়ী ও বিজিত দলের খেলোয়াড়দের অভিনন্দন জানিয়েছেন।

রুয়েটে আন্ত:বিভাগ ক্রিকেট টুর্নামেন্ট সমাপ্ত

শিক্ষার্থীদের ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে শেষ হলো রুয়েটে আন্ত:বিভাগ ক্রিকেট টুর্নামেন্টে।

রুয়েট ক্রিকেট কাবের উদ্যোগে ও শারীরিক শিক্ষা কেন্দ্রের তত্ত্বাবধানে আয়োজিত এই টুর্নামেন্টে প্রতিটি বিভাগের একটি করে দল অংশগ্রহণ করে। রুয়েট কেন্দ্রীয় মাঠে বিকেলে এই টুর্নামেন্টের খেলাগুলো অনুষ্ঠিত হয়।

২০ মে বিকেলে এই টুর্নামেন্টের শিরোপা নির্ধারণী খেলা কেন্দ্রীয় মাঠে অনুষ্ঠিত হয়। এই খেলায় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ দারুণ নৈপূণ্য প্রদর্শন করে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় শারীরিক শিক্ষা কেন্দ্রের প্রধান শারীরিক শিক্ষা অফিসার মো: মাহবুবুল আলম।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় গেমসে রুয়েটের সাফল্য

গত ৯ এপ্রিল সাথে শেষ হয়েছে ৫ম বাংলাদেশ বিশ্ববিদ্যালয় গেমস, ২০১৭। এবারের গেমসের আয়োজক ছিল যৌথভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। এই গেমসে রুয়েটের শিক্ষার্থীরা বিভিন্ন খেলায় অংশ নিয়ে চমকপ্রদ নৈপূণ্য প্রদর্শন করেছে।

এই গেমসের ক্রিকেট ইভেন্টে রুয়েট সবাইকে অবাক করে দিয়ে কোয়ার্টার ফাইনালে উত্তীর্ণ হয়। এছাড়া এই গেমসের ফুটবল ও দাবা ইভেন্টে রুয়েটের শিক্ষার্থীরা আশানুরূপ সাফল্য অর্জন করে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় গেমসে অংশ নিয়ে চমৎকার নৈপূণ্য প্রর্দশন করায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছেন। একই সাথে রুয়েটের ক্রীড়াবিদরা ভবিষ্যতে বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে আশানুরূপ সাফল্য অর্জন করতে সক্ষম হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেছেন।

রুয়েটের দু'টি অনুষদে নতুন ডীন নিয়োগ

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল অনুষদের ডীন হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শামীমুর রহমানকে।

এছাড়া ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাককে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রুয়েট আইন ২০০৩-এর ২৩(৫) ধারা অনুযায়ী প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান এবং প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাককে আগামী দুই বছরের জন্য স্ব স্ব অনুষদের ডীন হিসেবে নিয়োগ প্রদান করে। তাঁরা ইতিমধ্যেই তাঁদের দায়িত্ব গ্রহণ করেছেন।

প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান

ডীন, যন্ত্রকৌশল অনুষদ

প্রফেসর ড. মো: শামীমুর রহমান বর্তমানে গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপনা করছেন। একই সাথে তিনি এই বিভাগের প্রতিষ্ঠাতা এবং বর্তমানে বিভাগীয় প্রধানের দায়িত্বে নিযুক্ত রয়েছেন। এছাড়া তিনি পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) পদেও দায়িত্ব পালন করে চলেছেন। প্রফেসর ড. শামীমুর ১৯৯৬ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং ২০১০ সালে জাপানের তোকুশিমা বিশ্ববিদ্যালয় থেকে পিএইডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৯ সালের ২৪ জুন এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে শিকতা শুরু করেন।

তিনি এই বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেট সদস্য, একাডেমিক কাউন্সিল সদস্য, পরিচালক (ছাত্রকল্যাণ) ও হল প্রভোষ্টসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেছেন।

ডীন হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রফেসর ড. শামীমুর রহমান বলেন, তাঁর অনুষদভুক্ত বিভাগগুলোতে গবেষণা ও উদ্ভাবনমূলক শিক্ষা কার্যক্রমকে এগিয়ে নিতে তিনি সক্রিয় ভূমিকা রাখবেন। একই সাথে অনুষদভূক্ত বিভাগগুলোতে মাস্টার্স কোর্স চালুর বিষয়ে তিনি উদ্যোগী হবেন।

প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান আরও জানান, তাঁর অনুষদের আওতায় ইন্সটিটিউট অব এনার্জি এন্ড এনভায়রনমেন্ট খোলার ব্যাপারে তিনি পদেক্ষপ গ্রহণ করবেন। এ বিষয়ে তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে আলোচনা করে দ্রুত উদ্যোগ নিবেন বলে জানান।

প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাক

ডীন, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদ

প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাক বর্তমানে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপনা করছেন। তিনি ১৯৯৫ সালে এই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং ২০০৫ সালে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি ২০০৭ সালে জাপানের Ryukyus বিশ্ববিদ্যালয় থেকে এম. ইঞ্জিনিয়ারিং এবং ২০১০ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৯ সালের ২৪ জুন এই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন।

প্রফেসর ড. রাজ্জাক এই বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেট সদস্য, একাডেমিক কাউন্সিল সদস্য, বিভাগীয় প্রধান ও হল প্রভোষ্টসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেছেন।

এই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণের পর প্রফেসর ড. রাজ্জাক বলেন, তাঁর অনুষদের প্রতিটি বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগামীতেও এই অনুষদে আরও যুগোপযোগি বিভাগ এবং ইন্সটিটিউট খোলার ব্যাপারে তিনি আগ্রহী।

এছাড়া এই অনুষদের বিভাগগুলোতে মাস্টার্স এবং পিএইচডি কোর্সের পাশাপাশি গবেষণা কার্যক্রম আরও জোরদার করতে তিনি সক্রিয়ভাবে উদ্যোগ নিবেন। সেই সাথে তিনি শিক্ষকদের গবেষণা সংক্রান্ত বিষয়ে দক্ষতা বাড়ানো এবং বিভিন্ন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে বিভাগগুলোর শিক্ষা ও গবেষণা বিনিময় কার্যক্রম শুরু করতে কার্যকর পদক্ষেপ নিবেন বলে জানিয়েছেন।

ড. মো: এমদাদুল হক মেকাট্রনিক্স বিভাগের প্রধান নিযুক্ত

মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন প্রফেসর ড. মোঃ এমদাদুল হক। ২০১৬ সালের ৪ নভেম্বর তাঁকে এই পদে নিয়োগ প্রদান করা হয়। ২০১৩ সালে তাঁর হাত ধরেই এই বিভাগের যাত্রা শুরু হয়েছিল। প্রফেসর ড. মো: এমদাদুল হক ১৯৯৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং ২০০৩ সালে সিঙ্গাপুরের নানিয়ান টেকনোলজিক্যাল

ইনস্টিটিউট থেকে এমএসসি ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি ২০০৯ সালে জাপানের সাইতামা বিশ্ববিদ্যালয় থেকে পিএইডি ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৮ সালের ১ নভেম্বর এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। তিনি ২০১৬ সালের ৩ নভেম্বর পর্যন্ত এই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

প্রফেসর ড. মোঃ এমদাদুল হক বলেন, এই বিভাগের মাধ্যমে দেশে মেকাট্রনিক্স বিষয়ে দক্ষ জনবল তৈরী হচ্ছে। বিশেষ করে এই বিভাগের শিক্ষার্থীরা বিভিন্ন ধরণের রোবট উদ্ভাবনে অনন্য দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হয়েছে। তিনি এই বিভাগে রোবটিক্স বিষয়ে অধ্যায়ন ও গবেষণাকে বেগবান করতে উদ্যোগ গ্রহণ করবেন বলে জানিয়েছেন।

ড. মো: রোকনুজ্জামান যন্ত্রকৌশল বিভাগের প্রধান নিযুক্ত

অধ্যাপক ড. মো: রোকনুজ্জামান ২০১৬ সালের ৪ নভেম্বর যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধানের দায়িত্ব গ্রহণ করেন। তিনি ১৯৯৯ সালের ২৪ জুন এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। এর আগে তিনি ১৯৯৬ সালে এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং ২০০৫ সালে থাইল্যান্ডের এশিয়ান ইনষ্টিটিউট অব টেকনোলজি (এআইটি) থেকে মেকাট্রনিক্স বিষয়ে এমএস ডিগ্রী লাভ করেন। এছাড়া ২০১১ সালে জাপানের নাগেয়া বিশ্ববিদ্যালয় থেকে তিনি রোবটিক বিষয়ে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

ড. মো: রোকনুজ্জামান বলেন, দেশে দক্ষ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার তৈরী করতে অত্যন্ত সাফল্যজনক ভূমিকা পালন করে চলেছে যন্ত্রকৌশল বিভাগ। এই বিভাগের দক্ষ প্রকৌশলীগণ কেবলমাত্র দেশেই নয় বিশ্বের বিভিন্ন দেশে নানা ক্ষেত্রে সফলভাবে দায়িত্ব পালন করে এই বিশ্ববিদ্যালয়ের মর্যাদা বৃদ্ধি করে চলেছেন। তিনি এই বিভাগে পোষ্ট গ্রাজুয়েশন এবং পিএইডি পর্যায়ে শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে আন্তরিক চেষ্টা চালাবেন বলে জানিয়েছেন।

ড. মো: রবিউল ইসলাম সিএসই বিভাগের প্রধান নিযুক্ত

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রবিউল ইসলামকে ৩০ জুন একই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

ড. মোঃ রবিউল ইসলাম অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে ২০০২ সালে বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে ২০০৮ সালে এমএসসি ইঞ্জিনিয়ারিং ও একই বিভাগ থেকে ২০১২ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

তিনি বলেন, কম্পিউটার সায়েন্স বিভাগটি হচ্ছে এই বিশ্ববিদ্যালয়ের অন্যতম একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এই বিভাগে পোষ্ট গ্রাজুয়েশন এবং পিএইচডি কোর্স চালু করার ব্যাপারে তিনি সর্বাত্মক চেষ্টা চালাবেন।

ড. মো: কামাল হোসেন ইটিই বিভাগের প্রধান নিযুক্ত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের (ইটিই) সহকারী অধ্যাপক ড. মোঃ কামাল হোসেনকে ৩০ জুন একই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

ড. মোঃ কামাল হোসেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে ২০০৫ সালে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেন। এরপর তিনি ২০০৭ সালের ২০ মে এই বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। ২০১৩ সালের ২ জুন তিনি এই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি অস্ট্রেলিয়ার Deakin University থেকে ২০১৫ সালে পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

ড. মোঃ কামাল হোসেন বলেন, বর্তমান সময়টা টেলিকমিউনিকেশনের যুগ বিধায় এই বিভাগের গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

এ কারণে তিনি শিক্ষার্থীদের অধ্যয়ন ও গবেষণার সুবিধার্থে এই বিভাগে রেন্টাল লাইব্রেরীকে সমৃদ্ধ করার পাশাপাশি পোষ্ট গ্রাজুয়েশন পর্যায়ে কোর্স চালু করার ব্যাপারে সর্বাত্মক চেষ্টা চালাবেন।

রুয়েটের শীর্ষ পাঁচ পদে কর্মকর্তাদের যোগদান

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শীর্ষ পাঁচটি পদে নিয়োগ প্রদান সম্পন্ন হয়েছে। পদগুলো হচ্ছে পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরীয়ান, কম্পোট্রলার, প্রধান প্রকৌশলী ও চীফ মেডিকেল অফিসার।

গত ২০ মে ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন স্বাক্ষরিত পৃথক পৃথক অফিস আদেশে বলা হয়েছে, পরীক্ষা নিয়ন্ত্রক পদে মোঃ তৌহিদ খান আরিফ চৌধুরীকে, লাইব্রেরীয়ান পদে ড. মোঃ আজিজুল ইসলামকে, কম্পোট্রলার পদে মোঃ নাজিমউদ্দীন আহম্মদকে, প্রধান প্রকৌশলী পদে প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেনকে এবং চীফ মেডিকেল অফিসার পদে ডা. মোঃ মকসেদ আলীকে নিয়োগ দেয়া হয়েছে।

অফিস আদেশগুলোতে বলা হয়েছে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে ৮০তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত পদে উক্ত কর্মকর্তাগনকে নিয়োগ দেয়া হয়েছে। ইতিমধ্যে সবাই বর্ণিত পদে যোগদান করে স্ব স্ব পদে দায়িত্ব পালন শুরু করেছেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ সদ্য নিয়োগ পাওয়া এই শীর্ষ পাঁচ কর্মকর্তাকে অভিনন্দন জানিয়েছেন এবং তাঁদের কর্মতৎপরতায় রুয়েটের সার্বিক কল্যাণ ও অগ্রযাত্রা আরও বেগবান হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন।

মোঃ তৌহিদ আরিফ খান চৌধুরী পরীক্ষা নিয়ন্ত্রক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক পদে গত ০৪ এপ্রিল যোগদান করেছেন মো: তৌহিদ আরিফ খান চৌধুরী।

জনাব চৌধুরী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ থেকে বি.কম (অনার্স) এবং এম.বি-এস ডিগ্রী অর্জনের পর পেশাগত জীবনে প্রবেশ করেন। তিনি ২০০১ সালের ২৬ জুন এই বিশ্ববিদ্যালয়ে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে যোগদান করেন। এরপর তিনি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এবং ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেন।

জনাব চৌধুরী জানান, পরীক্ষা নিয়ন্ত্রক পদটি যে কোন বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আগামীতে বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নরত শিক্ষার্থীদের ফলাফল প্রস্তুকরণ ও প্রকাশনার কাজটি অনলাইন ভিত্তিক করার ব্যাপারে উদ্যোগ নিবেন বলে জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের ফলাফল অনলাইনে সংরক্ষণ এবং প্রকাশ ব্যবস্থা চালু করতে পারলে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ভবিষ্যতে উচ্চ শিক্ষা ও চাকুরীজনিত কাজে নানা সুযোগ সুবিধা ভোগ করতে পারবে।

ড. মোঃ আজিজুল ইসলাম
লাইব্রেরীয়ান

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে প্রথম লাইব্রেরীয়ান হিসেবে গত ৪ এপ্রিল যোগদান করেছেন ড. মো: আজিজুল ইসলাম। এতদিন ভারপ্রাপ্ত লাইব্রেরীয়ান এই গুরুত্বপূর্ণ লাইব্রেরীর প্রধান হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ড. আজিজুল ইসলামের লাইব্রেরীয়ান হিসেবে যোগদান করার পর এই বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী পূর্ণাঙ্গতা পেল।

ড. আজিজুল ইসলাম রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের পর ১৯৮১ সালের ২ জুন অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে যোগদান করেন। পরবর্তীতে তিনি ভারতের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স বিভাগ থেকে মাস্টার্স এবং পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তিনি এর আগে কেন্দ্রীয় লাইব্রেরীতে সহকারী লাইব্রেরীয়ান, ডেপুটি লাইব্রেরীয়ান এবং ভারপ্রাপ্ত লাইব্রেরীয়ান হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

ড. আজিজুল ইসলাম বলেন, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের পঠন ও পাঠনের ক্ষেত্রে কেন্দ্রীয় লাইব্রেরী অতি গুরুত্বপর্ণ ভূমিকা পালন করে থাকে। কাজেই কেন্দ্রীয় লাইব্রেরীকে আগামীতে ডিজিটালাইজড লাইব্রেরীতে রূপান্তরকরণের ব্যাপারে তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় উদ্যোগ নিবেন। একই সাথে এই লাইব্রেরীতে বিশ্বের খ্যাতনামা সব জার্নালের প্রিন্ট ও ডিজিটাল ভার্সন সংগ্রহ ও সংরক্ষণের জন্য তিনি কার্যকর পদক্ষেপ নিবেন বলে জানিয়েছেন।

নাজিমউদ্দীন আহম্মদ
কম্পোট্রলার

রুয়েটের হিসাব ও অডিট সেকশনে গত ৪ এপ্রিল প্রথম কম্পোট্রলার হিসেবে জনাব নাজিমউদ্দীন আহম্মদ যোগদান করেন।

জনাব নাজিমউদ্দীন আহম্মদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এ্যাকাউন্টিং বিভাগ থেকে বি.কম (অনার্স) এবং এম.বি-এস ডিগ্রী অর্জনের পর পেশাগত জীবনে প্রবেশ করেন। তিনি ১৯৯২ সালের ১৮ ফেব্রুয়ারি এই বিশ্ববিদ্যালয়ে এ্যাকাউন্টস এন্ড বাজেট অফিসার হিসেবে যোগদান করেন। এরপর তিনি ডেপুটি কম্পোট্রলার, এডিশনাল ডেপুটি কম্পোট্রলার ছাড়াও দীর্ঘদিন ভারপ্রাপ্ত কম্পোট্রলার হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব নাজিমউদ্দীন আহম্মদ বলেন, তাঁর এখন লক্ষ্য হলো এই বিশ্ববিদ্যালয়ের হিসাব ও অডিট ব্যবস্থাকে ডিজিটালাইজ করা এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্য অনলাইনে রক্ষণাবেক্ষণের উদ্যোগ নেয়া যাতে এখানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগন তাঁদের বেতন ভাতাদির তথ্য এবং শিক্ষার্থীরা তাদের প্রাপ্ত বৃত্তির তথ্যাদি অনলাইনের মাধ্যমেই অবগত হতে পারেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহায়তায় এখানে আপ টু ডেট এ্যাকাউন্টস সফটওয়ার স্থাপনের ব্যাপারেও তিনি উদ্যোগ গ্রহণ করবেন বলে জানান।

প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন
প্রধান প্রকৌশলী

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত প্রকৌশল শাখায় গত ৪ এপ্রিল প্রধান প্রকৌশলী হিসেবে প্রকৌশলী মো: শাহাদৎ হোসেন যোগদান করেন।

প্রকৌশলী শাহাদৎ এই বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগ থেকে ১৯৯৩ সালে বিএসসি ডিগ্রী অর্জনের পর পেশাগত জীবন শুরু করেন। বিভিন্ন বেসরকারী ও সরকারী প্রতিষ্ঠানে সাফল্যজনকভাবে চাকুরী করার পর তিনি ২০০৯ সালে ১ জানুয়ারী এই বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় নির্বাহী প্রকৌশলী (পুরকৌশল) যোগদান করেন। এরপর তিনি সিনিয়র নির্বাহী প্রকৌশলী, তত্বাবধায়ক প্রকৌশলী এবং ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন করেছেন।

প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন বলেন এই বিশ্ববিদ্যালয়ের সকল অবকাঠামো নির্মাণ এবং তা রক্ষণাবেক্ষণের কাজটি অত্যন্ত সুষ্ঠভাবে করে থাকে প্রকৌশল শাখা। রুয়েট ক্যাম্পাসে নতুন একাডেমিক ভবন, অনুষদ ভবন, গবেষণাগার, মেডিক্যাল সেন্টার, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসিক ভবন এবং ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক হল নির্মাণসহ একটি মেগা প্রকল্পের কাজ শিঘ্রই শুরু হবে। এই প্রকল্পসহ সকল অবকাঠামোগত উন্নয়ন ও সম্প্রসারণের কাজ সুষ্ঠুভাবে চালিয়ে যাওয়ার জন্য তিনি সব ধরনের উদ্যোগ গ্রহণ করবেন বলে জানিয়েছেন।

ডা. মোঃ মকসেদ আলী
প্রধান চিকিৎসক

রুয়েটের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের দায়িত্বে নিয়োজিত রয়েছে রুয়েট মেডিকেল সেন্টার। এই গুরুত্বপূর্ণ সেন্টারের প্রধান চিকিৎসক হিসেবে গত ৪ এপ্রিল নিয়োগ পেয়েছেন ডা. মো: মকসেদ আলী।

ডা. মোঃ মকসেদ আলী ১৯৯৩ সালে রাজশাহী মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রী লাভের পর পেশাগত জীবনে প্রবেশ করেন।

তিনি ১৯৯৯ সালের ৮ ফেব্রুয়ারী অত্র বিশ্ববিদ্যালয়ে মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেন। এরপর তিনি এখানে সিনিয়র মেডিকেল অফিসার, ডেপুটি চীফ মেডিকেল অফিসার, এডিশনাল চীফ মেডিকেল অফিসার এবং চীফ মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত) হিসেবে অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন।

ডা. মোঃ মকসেদ আলী জানান, তার লক্ষ্য হচ্ছে রুয়েটের এই মেডিকেল সেন্টারটিকে আধুনিক চিকিৎসা কেন্দ্র হিসেবে গড়ে তোলা। কর্তৃপক্ষের সহায়তায় ইতোমধ্যে এই সেন্টারকে বৃহৎতর পরিসরে গড়ে তোলার প্রক্রিয়া শুরু হয়েছে। ভবিষ্যতে এই মেডিকেল সেন্টার থেকে প্রাথমিক চিকিৎসা দেয়ার পাশাপাশি বিশেষায়িত চিকিৎসা দেয়াও সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বিভাগের ভিডিও কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়ে গেল মাইক্রোসফট ইন্টার্ণশীপ প্রোগ্রামের বাছাই প্রক্রিয়া।

এই বাছাই প্রক্রিয়ায় রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে গড়া কয়েকটি দল অংশগ্রহণ করে। প্রতিটি দল একটি নির্দিষ্ট সমস্যা নির্বাচন করে সেগুলোর সমাধানকল্পে আইডিয়া উপস্থাপন করে। প্রযুক্তি ব্যবহার করার পাশাপাশি বাজারের চাহিদা বা জনগনের চাহিদা এবং ব্যবহারকারীদের বন্ধুভাবাপন্নতা বিবেচনা করে দলগুলো তাদের আইডিয়া উপস্থাপন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমের মাধ্যমে প্রতিযোগিদের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বিচারকগণ প্রশ্ন করেন।

দলগুলোর আইডিয়া উপস্থাপন ও সামগ্রিক পরিবেশনার উপর ভিত্তি করে রুয়েটের ১৯টি দল এই ইন্টার্ণশীপ প্রোগ্রামের সেরা ১০০টি আইডিয়ার মধ্যে জায়গা করে নেয়।

রুয়েটে অনুষ্ঠিত মাইক্রোসফট ইন্টার্ণশীপ প্রোগ্রামের বাছাই পর্বে বক্তব্য রাখছেন আলোচকগণ।

১৫ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত হয় জাতীয় পর্যায়ের মাইক্রোসফট ইন্টার্ণশীপ প্রোগ্রামের চূড়ান্ত বাছাই প্রক্রিয়া। এখানে সারা দেশ থেকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত ১০০টি দল তাদের আইডিয়া উপস্থাপন করে। দলগুলোর আইডিয়া উপস্থাপন ও সামগ্রিক উপস্থাপনা বিবেচনা করে বিচারকমন্ডলী ৫টি সেরা দলকে এই ইন্টার্ণশীপ প্রোগ্রামের জন্য মনোনয়ন দেন। নির্বাচিত সেরা ৫টি আইডিয়া উপস্থাপনকারী দল তাদের প্রজেক্ট বাস্তবায়নের জন্য পাবে সীড ফান্ডিং ও মেনটরিংসহ বিভিন্ন সুবিধা। উল্লেখ্য, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ প্রতিষ্ঠালগ্ন থেকে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট পঠন, পাঠন, অনুশীলন এবং বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনে সার্বিক সহায়তা প্রদান করে আসছে।

নানা আয়োজনে রুয়েটে বাংলা বর্ষবরণ

ব্যাপক উৎসাহ, উদ্দীপনা, মঙ্গল শোভাযাত্রা, নাচ, গান সহ নানা আয়োজনের মধ্যে দিয়ে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালপয়ে বাংলা নতুন বর্ষ ১৪২৪ কে বরণ করে নেয়া হয়েছে ।

বাংলা নববর্ষের মঙ্গল শোভাযাত্রার ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল আলম বেগ সহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ ।

সকাল ১০ টায় বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রার মধ্যে দিয়ে রুয়েটে শুরু হয় বর্ষবরণ অনুষ্ঠান। শোভাযাত্রাটির নেতৃত্ব দেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। শোভাযাত্রায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতঃস্ফুর্তভাবে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সাথে অংশগ্রহণ করেন।

এরপর কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত হয় বৈশাখী আলোচনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান প্রমূখ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বাংলা নববর্ষ উপলক্ষ্যে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং একই সাথে সকলের মঙ্গল ও কল্যাণ কামনা করে বলেন, এই দিনটি গোটা বাঙ্গালী জাতিকে দেশজ সংস্কৃতি চর্চায় সর্বস্তরের মানুষকে অনুপ্রাণিত করে।

শহীদ মিনার চত্বরে দিনব্যাপী অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান, পুতুল নাচ, বাংলা নাচ, কমেডি শো, ফ্যাশন শো ও লোকসঙ্গীতসহ নানা আয়োজন।

বাংলা বর্ষবরণ উপলক্ষ্যে রুয়েট ক্যাম্পাসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

রুয়েটে গ্লাস এন্ড সিরামিক ডে পালিত

রুয়েটে ২৩ এপ্রিল রবিবার পালিত হয়েছে গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং দিবস।

গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সপ্তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে এই দিবসটি উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে সকাল সাড়ে ১০ টায় ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এরপর বিভাগীয় কার্যালয়ে কেক কেটে সপ্তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্যাপন করা হয়।

কেক কেটে গ্লাস এন্ড সিরামিক বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেন উক্ত বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ।

পরে বিভাগীয় সেমিনার রুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা সহ বিভাগের সকল শিক্ষক এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

RUET Bulletin

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

৩য় বর্ষ :: ১০ম সংখ্যা :: এপ্রিল-জুন ২০১৭

যন্ত্রকৌশল বিভাগে হ্যাকেপ প্রজেক্টের দু'টি সেমিনার অনুষ্ঠিত

যন্ত্রকৌশল বিভাগে ইউজিসি ও বিশ্বব্যাংকের হ্যাকেপ প্রজেক্টের আওতায় দু'টি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ সেমিনারে অংশগ্রহণ করেন।

যন্ত্রকৌশল বিভাগে হ্যাকেপ প্রজেক্টের আওতায় আয়োজিত 'রিসেন্ট এ্যাডভান্সমেন্ট অব মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং' শীর্ষক সেমিনারে উপস্থিত আলোচক ও অংশগ্রহণকারীদের একাংশ।

যন্ত্রকৌশল বিভাগে হ্যাকেপ প্রজেক্টের আওতায় আয়োজিত 'বেনিফিটস অব ইন্টারএ্যাকটিভ টিচিং লার্নিং মেথড' শীর্ষক সেমিনারে প্রধান আলোচককে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

রুয়েটে কম্পিউটার নেটওয়ার্কিং প্রশিক্ষণ শুরু

রুয়েটে ২০ মে থেকে শুরু হয় 'কম্পিউটার নেটওয়ার্কিং' বিষয়ক স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্স।

এ দিন দুপুরে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে প্রধান অতিথি হিসেবে এই কোর্সের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

কম্পিউটার নেটওয়ার্কিং কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে ট্রেনিং কিটস তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে রুয়েটের সকল কর্মচারী, কর্মকর্তা এবং শিক্ষকদের তথ্য প্রযুক্তি বিষয়ক সকল জ্ঞান ও দক্ষতা অর্জন করতে হবে। তিনি আরও বলেন, রুয়েটকে দেশের উত্তরাঞ্চলে ডিজিটালাইজ প্রক্রিয়াকে এগিয়ে নিতে নেতৃত্ব দিতে হবে। আর নেতৃত্ব দেয়ার ক্ষেত্রে এখানকার কর্মচারী, কর্মকর্তা ও শিক্ষকদের অগ্রণী ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ। সঞ্চালনা করেন প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

কম্পিউটার নেটওয়ার্কিং কোর্সে অংশগ্রহণকারীদের সাথে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

মাসব্যাপি এই প্রশিক্ষণ কোর্সে রুয়েটের বিভিন্ন বিভাগ ও দপ্তরে কর্মরত ১৫ জন কর্মকর্তা ও কর্মচারী অংশ নিয়েছেন। কোর্স পরিচালনা করেছেন কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ, সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সরকার, সিস্টেম এ্যানালিষ্ট মোস্তফা কামাল ও প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

এই প্রশিক্ষণ কোর্স শেষে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীগণ নিজ নিজ বিভাগ ও দপ্তরে কম্পিউটার নেটওয়ার্কিংয়ের উন্নয়ন এবং উদ্ভূত সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবেন বলে জানিয়েছেন প্রফেসর ড. বশির আহমেদ।

রুয়েটে প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা ১৭ নভেম্বর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক কোর্সের ভর্তি পরীক্ষা আগামী ১৭ নভেম্বর শুক্রবার অনুষ্ঠিত হবে।

রুয়েটের বিভিন্ন অনুষদের ডীন এবং বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বলা হয় আসন্ন প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষা পদ্ধতি গত বছরের মতই বলবৎ থাকবে। তবে ভর্তির আবেদনের ক্ষেত্রে কিছুটা পরিবর্তন আসতে পারে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি শীঘ্রই বিভিন্ন পত্রিকায় এবং রুয়েটের ওয়েবসাইটে (www.ruet.ac.bd) প্রকাশ করা হবে।

সভায় ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোহবান, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. এস এম আব্দুর রাজ্জাক, এ্যাপলাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমানসহ বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

সম্পাদনা পরিষদ: সভাপতি: প্রফেসর ইকবাল মতিন, সদস্য: প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ড. মোঃ আল মামুন, জনাব মোঃ সাব্বির আহসান।

সম্পাদক: মোঃ গোলাম মুরতুজা :: প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।

ফোন: পিএবিএক্স: +৮৮০-৭২১-৭৫০৭৪২-৩ (৬৬৯) ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০১০৫, ই-মেইল: pro.ruet@gmail.com, ওয়েবসাইট: www.ruet.ac.bd